



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ঢাশিবো/বি/৩২৫/ঢাকা/

তারিখ : ২২.০০.২০২০

বিষয় : অঙ্গীকারনামা জমাদান প্রসঙ্গে।

- সূত্র : (১) এস.আর.ও নং- আইন/২০০৯, তারিখ- ০৮/০৬/২০০৯/প্রবিধানমালা ২০০৯ প্রবিধি ৪১ এর ২(গ-১)।  
 (২) স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭৪.০৩০.০০১.২০১৭.২৪৫, তারিখ- ১২/০৬/২০১৮ এর ৫.৫ লঙ্ঘন অর্থাৎ মাধ্যমিক পর্যায়ে পাবলিক পরীক্ষায় কাম্য ফলাফল অর্জন না করা।  
 (৩) স্মারক নং- শিম/শাঃ১১/বিবিধ-৩৯/৯৬/২৩০, তারিখ- ২৩/০৪/১৯৯৭ (নীতিমালার ক্রমিক নং- ৪(৭) ও ৫(৩) এর নূন্যতম শিক্ষার্থী না থাকা)।  
 (৪) বোর্ডের ০৮/০৯/২০২০ তারিখের ২৮০০ নং পত্র।  
 (৫) তার ২৪/০৯/২০২০ তারিখের কারণ দর্শানো জবাব।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, বিদ্যালয়ের মাধ্যমিক পর্যায়ে ফলাফল বিপর্যয়ের কারণে নিম্নরূপ 'অঙ্গীকারনামা' ৩০০/- (তিনশত) টাকা মূল্যের ননজুডিশিয়াল স্ট্যাম্প :

'অঙ্গীকারনামা' : আমরা নিম্নস্বাক্ষরকারীগণ এই মর্মে অঙ্গীকার করছি যে, আমাদের বিদ্যালয়ের বিগত ২০১৮, ২০১৯ ও ২০২০ সনের এসএসসি পরীক্ষার ফলাফল সন্তোষজনক না হবার কারণে বোর্ডের ----- তারিখের ----- নং পত্রের আলোকে ক্ষমা প্রার্থনা করছি। আগামী ২০২১ ও ২০২২ সালের এসএসসি পরীক্ষায় কাম্যসংখ্যক পরীক্ষার্থী এবং সন্তোষজনক ফলাফল অর্জন করার অঙ্গীকার করছি। ভবিষ্যতে জেএসসি ও এসএসসি পরীক্ষার ফলাফল সন্তোষজনক না হলে বোর্ড কর্তৃক বিদ্যালয়ের স্বীকৃতি প্রত্যাহারসহ যে কোন সিদ্ধান্ত গ্রহণ করলে আমরা মেনে নেব। এছাড়া শিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা বোর্ড এবং সরকারি সকল আদেশ, নির্দেশ ও বিধি-বিধান মেনে চলবো।

উপরোক্ত অঙ্গীকারনামা (সভাপতিসহ সকল সদস্য ও প্রধান শিক্ষকের যৌথ স্বাক্ষরে)- স্মারক ইস্যুর তারিখ হতে ৭ (সাত) দিনের মধ্যে এ দপ্তরে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ

আব্দুর রহমান শিকদার

বিদ্যালয় উপ-পরিদর্শক

পক্ষে- বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

প্রাপক : প্রধান শিক্ষক

রয়াল একাডেমী

আরামবাগ, মতিঝিল, ঢাকা।

মেমো নং-

৩০৫৩ (৫)

তারিখ :

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, ঢাকা।
- ৩। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
- ৪। সভাপতি, নির্বাহী কমিটি, রয়াল একাডেমী।
- ৫। অফিস কপি।

বিদ্যালয় উপ-পরিদর্শক

পক্ষে- বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।